অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/4/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ক্যাপিটাল রিজিয়ন এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে-তে চারটি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের জন্য 78 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের ঘোষণা দিয়েছেন

I-90 এবং I-87-এর সেকশনগুলোতে পেভমেন্টের মানোন্নয়ন এই প্রকল্পগুলোর অন্তর্ভুক্ত যা নিরাপত্তা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করবে

প্রকল্পগুলো 2026 সালে বরাদ্দ করা নির্ধারিত 600 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি মূল্যের থ্রুওয়ে ক্যাপিটাল প্রজেক্টস-এর অংশ

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে, ক্যাপিটাল রিজিয়ন, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং ফিঙ্গার লেকস রিজিয়নে থ্রুওয়ে-এর চারটি অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পে মোট 78 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের কাজ চলমান রয়েছে। এই প্রকল্পগুলোর মধ্যে রয়েছে I-90 এবং I-87-এর বেশ কিছু ব্যস্ত সেকশনে পেভমেন্ট মেরামত এবং নিরাপত্তা ব্যবস্থার আধুনিকায়ন যা প্রতিদিন হাজার হাজার মোটরচালক ব্যবহার করেন।

"থ্রুওয়ে সিস্টেম নিউ ইয়র্ক স্টেট (New York State) এবং এর বাইরে যাতায়াতকারী, পর্যটন এবং বাণিজ্যিক যানবাহনের জন্য একটি গুরুত্বপূর্ণ প্রবেশদ্বার," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের রাস্তা ও ব্রিজগুলোর প্রয়োজনীয় আধুনিকায়ন আমাদের পরিবহন ব্যবস্থাকে উন্নত করে, মোটরচালকদের ভ্রমণকে সহজতর করে এবং নিউ ইয়র্কের অর্থনীতিকে সচল রাখে।"

থ্রুওয়ে অথরিটির (Thruway Authority) নির্বাহী পরিচালক Frank G. Hoare (ফ্রাঙ্ক জি. হোয়ার) বলেন, "থ্রুওয়ে অথরিটি অবকাঠামোগত প্রকল্পগুলোতে ঐতিহাসিক বিনিয়োগ করছে যা প্রতিদিন থ্রুওয়েতে যাতায়াতকারী লক্ষ লক্ষ মোটরচালকের নিরাপত্তা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করবে। থ্রুওয়ে ব্যবহারকারী চালকরা দেশের অন্যতম সর্বনিম্ন টোল প্রদান করেন এবং সেই টোল থেকে প্রাপ্ত রাজস্ব সরাসরি এমন সব প্রকল্পে ব্যয় করা হয় যা থ্রুওয়েকে দেশের অন্যতম নিরাপদ, সাশ্রয়ী এবং নির্ভরযোগ্য সুপারহাইওয়ে হিসেবে বজায় রাখে।"

স্টেট সিনেটর Patricia Fahy (প্যাট্রিশিয়া ফাহি) বলেন, "খারাপ রাস্তা, গর্ত এবং রাস্তা-সংক্রান্ত কারণে গাড়ির মেরামত করতে গিয়ে কর্মজীবী পরিবারগুলোর শত শত, এমনকি হাজার হাজার ডলার খরচ হতে পারে যা 2008 সালের পর থেকে ভয়াবহ এই সাশ্রয়ী মূল্যের সংকটের মধ্যে অনেকের পক্ষেই বহন করা সম্ভব নয়। এই ধরনরর অবকাঠামোগত উন্নয়ন পরিবার ও

মোটরচালকদের অর্থ সাশ্রয় করে এবং সবার জন্য নিরাপদ সড়ক নিশ্চিত করে। সেই সব থ্রুওয়ে কর্মীদের ধন্যবাদ জানাই যারা প্রতিদিন রাস্তায় থেকে এই উন্নয়নমূলক কাজগুলো সফল করবেন।"

অ্যাসেম্বলি মেম্বার William Magnarelli (উইলিয়াম ম্যাগনারেলি) বলেন, "পেভমেন্ট সংস্কারমূলক প্রকল্পে বিনিয়োগ নিশ্চিত করে যে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে সকল ব্যবহারকারীর জন্য নিরাপদ থাকবে। রক্ষণাবেক্ষণকৃত এবং শক্তিশালী সড়ক ও অবকাঠামো স্টেট ব্যাপী বাণিজ্য এবং ভ্রমণে উৎসাহ জোগাতে সাহায্য করে। আমি গভর্নর Hochul (হোকল)-কে এই বিনিয়োগের জন্য সাধুবাদ জানাই যা লক্ষ লক্ষ মোটরচালকের সামগ্রিক যাতায়াতের অভিজ্ঞতাকে আরো উন্নত করবে।"

অ্যাসেম্বলি মেম্বার John T McDonald III (জন টি ম্যাকডোনাল্ড III), RPh বলেন, "আমাদের অবকাঠামোতে বিনিয়োগ একটি চলমান প্রচেষ্টা এবং ক্যাপিটাল রিজিয়নে এই ধারাবাহিক বিনিয়োগ দেখে আমি উচ্ছ্বসিত। যেহেতু আমরা বর্তমানে একটি ক্রমবর্ধমান পরিবর্তনশীল সমাজে বাস করছি, তাই আমাদের স্টেটের প্রধান পরিবহন পথগুলোর অবস্থা ও নিরাপত্তা উন্নত করার জন্য তহবিল বৃদ্ধিতে লেজিসলেচার গভর্নর Hochul (হোকল)-এর সাথে অংশীদারিত্ব করেছে। আমি আসন্ন অনুমোদিত হতে যাওয়া স্টেটীয় বাজেটে আরো বেশি তহবিল বিতরণের জন্য গভর্নরের সাথে কাজ করার প্রত্যাশা করছি, সেই সাথে ভ্রমণের সময় সবার প্রতি একটি অনুস্মারক — বিশেষ করে নির্মাণ এলাকাগুলোতে চলাচলের সময় গতি কমান এবং আমাদের কঠোর পরিশ্রমী নির্মাণ শ্রমিকদের প্রতি যত্নশীল হোন যারা আমাদের রাস্তাগুলোকে আরো উন্নত করছেন।"

<u>ক্যাপিটাল রিজিয়নের প্রকল্পসমূহ</u>
থ্রুওয়ে-এর 77 লেন মাইল জুড়ে বিস্তৃত ক্যাপিটাল রিজিয়নের চলমান দুইটি প্রকল্প এই অঞ্চলে 34.7 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের প্রতিফলন। 2024 সাল থেকে থ্রুওয়ে অথরিটি ক্যাপিটাল রিজিয়নের মূলধনী প্রকল্পগুলোতে 162 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।

অ্যালবানি কাউন্টিতে I-90
অ্যালবানি কাউন্টির মাইলপোস্ট 148.2 এবং মাইলপোস্ট 154.3-এর মধ্যবর্তী I-90-এ 15.8 মিলিয়ন মার্কিন ডলারের একটি পেভমেন্টের উন্নয়ন প্রকল্পের কাজ চলছে। এই প্রকল্পের অন্তর্ভুক্ত রয়েছে I-90-এর মোট 36.6 লেন মাইল রিপেভমেন্ট যা এক্সিট 24 (অ্যালবানি - মন্ট্রিল - I-90 পূর্ব - I-87 উত্তর) এবং এক্সিট 25-এর ঠিক পশ্চিমের (স্কেনেকট্যাডি - I-890 - NY রুট 7 ও 146) মধ্যবর্তী স্থানে অবস্থিত। প্রতিদিন প্রায় 125,000 যানবাহন I-90-এর এই সেকশন দিয়ে উভয় দিকে চলাচল করে এবং এটি অ্যালবানিতে যাতায়াতের জন্য অন্যতম ব্যস্ততম করিডোর।

এই প্রকল্পে রাস্তার বড় এবং আংশিক খানাখন্দ মেরামত অন্তর্ভুক্ত রয়েছে, যেখানে কর্মীরা রাস্তার সবচেয়ে ক্ষতিগ্রস্ত অংশগুলো একদম নিচের স্তর পর্যন্ত তুলে ফেলে নতুন করে প্রতিস্থাপন করবেন। এই মেরামতের ফলে বর্তমান রাস্তার কাঠামোগত স্থায়িত্ব বৃদ্ধি পাবে।

অতিরিক্ত কাজের মধ্যে রয়েছে ওভারহেড সাইন স্ট্রাকচার পরিবর্তন, গিল্ডারল্যান্ড সার্ভিস এরিয়ার ফুয়েল সার্ভিস এলাকায় মিল অ্যান্ড ইনলে কার্যক্রম, নতুন গাইডরেল স্থাপন, নতুন প্রতিফলক লাইন স্ট্রাইপিং, শোল্ডার অংশে মিলড-ইন অডিবল রোডওয়ে ডেলিনিয়েটর (milled-in audible roadway delineators, MIARD) স্থাপন—যা রাম্বল স্ট্রিপ নামেও পরিচিত এবং ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন।

একটি প্রতিযোগিতামূলক বিডিং প্রক্রিয়ার মাধ্যমে অ্যালবানি, NY-এর Callanan Industries, Inc. এই প্রকল্পের ঠিকাদার হিসেবে নিযুক্ত হয়েছে। প্রকল্পটি 2026 সালের শরতের মধ্যে শেষ হবে বলে আশা করা হচ্ছে।

আলস্টার কাউন্টিতে I-87
আলস্টার কাউন্টির মাইলপোস্ট 76.5 এবং মাইলপোস্ট 86.6-এর মধ্যবর্তী I-87-এ 18.9 মিলিয়ন মার্কিন ডলারের একটি পেভমেন্টের উন্নয়ন প্রকল্পের কাজ চলছে। এই প্রকল্পের অধীনে I-87-এর মোট 40.4 লেন মাইল এলাকা পেভ করার কাজ অন্তর্ভুক্ত রয়েছে যা এক্সিট 18 (নিউ পল্টজ - পফকিপসি - NY রুট 299) এবং এক্সিট 19 (কিংস্টন - NY রুট 28 – কিংস্টন-রাইনক্লিফ ব্রিজ)-এর মধ্যে অবস্থিত। প্রতিদিন প্রায় 42,000 মোটরযান চালক I-87-এর এই সেকশনে উভয় অভিমুখে যাতায়াত করে।

প্রকল্পের কাজের মধ্যে রয়েছে পেভমেন্টের বড় ও আংশিক খানাখন্দ মেরামত, মিল এবং ইনলে, মাইলপোস্ট 84.14 ও মাইলপোস্ট 84.54-এ ব্রিজের জয়েন্ট প্রতিস্থাপন, এক্সিট 18-এর ইন্টারচেঞ্জ সাইন পরিবর্তন, নতুন গাইডরেল স্থাপন, নতুন প্রতিফলিত লাইন স্ট্রাইপিং, শোল্ডারে মিলড-ইন অডিবল রোডওয়ে ডিলিনেটর স্থাপন এবং কালভার্টের কাজ।

একটি প্রতিযোগিতামূলক বিডিং প্রক্রিয়ার মাধ্যমে অ্যালবানি, NY-এর Callanan Industries, Inc. এই প্রকল্পের ঠিকাদার হিসেবে নিযুক্ত হয়েছে। প্রকল্পটি 2026 সালের শরতের মধ্যে শেষ হবে বলে আশা করা হচ্ছে।

<u>সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং ফিঙ্গার লেকস প্রকল্পসমূহ</u>
সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং ফিঙ্গার লেকস অঞ্চলে থ্রুওয়ে-এর মোট 106 লেন মাইলেরও বেশি এলাকা জুড়ে দুইটি প্রকল্পের কাজ চলছে যা এই অঞ্চলগুলোতে 43.2 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের প্রতিফলন। 2024 সাল থেকে, থ্রুওয়ে অথরিটি সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং ফিঙ্গার লেকস অঞ্চলে মূলধনী প্রকল্পগুলোতে 207 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।

ম্যাডিসন কাউন্টিতে I-90
মাইলপোস্ট 261.7 এবং মাইলপোস্ট 268.0-এর মধ্যবর্তী I-90-এ 13.3 মিলিয়ন মার্কিন ডলারের একটি পেভমেন্টের উন্নয়ন প্রকল্পের কাজ এই বসন্তে শুরু হয়েছে। এই সেকশনটি এক্সিট 34 (ক্যানাসটোটা - ওনিডা - চিটেন্যাঙ্গো - NY রুট 13) এবং এক্সিট 34A (সিরাকিউজ - চিটেন্যাঙ্গো - অসওয়েগো - I-481)-এর মধ্যে অবস্থিত এবং এতে মোট 28 লেন মাইল অন্তর্ভুক্ত রয়েছে। প্রতিদিন 39,000-এরও বেশি মোটরযান চালক I-90-এর এই সেকশনে যাতায়াত করে।

এই প্রকল্পের মধ্যে রয়েছে বড় ও আংশিক খানাখন্দ মেরামত এবং মিল ও ইনলে, যার মধ্যে চিটেন্যাঙ্গো সার্ভিস এরিয়ার ফুয়েল সার্ভিস এলাকাও অন্তর্ভুক্ত। বড়-খানাখন্দের পেভমেন্ট মেরামতের অন্তর্ভুক্ত হলো রাস্তার সবচেয়ে ক্ষতিগ্রস্ত অংশগুলো একেবারে এর সাববেস পর্যন্ত অপসারণ করা এবং নতুন করে প্রতিস্থাপন করা। থ্রুওয়ে-এর কংক্রিট সাববেসের প্রায় 40 শতাংশ 1950-এর দশকের এবং এটি থ্রুওয়ে সিস্টেমের আদি কাঠামোর অংশ। এই মেরামতের ফলে বর্তমান রাস্তার কাঠামোগত স্থায়িত্ব বৃদ্ধি পাবে এবং তা আরো মজবুত হবে।

এছাড়া, মাইলপোস্ট 263.03, 265.99 ও 267.89-এ অবস্থিত ওভারপাসগুলোতে ভার্টিকাল ক্লিয়ারেন্স উন্নত করা হবে। I-90-এর ওভারপাসগুলোর নিচে থাকা বর্তমান অ্যাসফল্ট ওভারলেটি সরিয়ে একটি পাতলা ওভারলে দিয়ে প্রতিস্থাপন করা হবে যা ওভারপাসগুলোর নিচে চলাচলের জন্য অতিরিক্ত উচ্চতা নিশ্চিত করবে।

নিরাপত্তার উন্নতির মধ্যে রয়েছে নতুন গাইডরেল, নতুন প্রতিফলিত লাইন স্ট্রাইপিং, শোল্ডারে মিলড-ইন অডিবল রোডওয়ে ডিলিনেটর স্থাপন, কালভার্ট মেরামত এবং ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন।

একটি প্রতিযোগিতামূলক বিডিং প্রক্রিয়ার মাধ্যমে জেমসভিল, NY-এর Heidelberg Materials Northeast, LLC এই প্রকল্পের ঠিকাদার হিসেবে নিযুক্ত হয়েছে। প্রকল্পটি 2026 সালের শরতের মধ্যে শেষ হবে বলে আশা করা হচ্ছে।

অন্টারিও কাউন্টিতে I-90র

অন্টারিও কাউন্টিতে মাইলপোস্ট 327.5 এবং মাইলপোস্ট 347.1-এর মধ্যবর্তী I-90-এ 29.9 মিলিয়ন মার্কিন ডলারের একটি পেভমেন্টের উন্নয়ন প্রকল্পের কাজ এই বসন্তে শুরু হয়েছে। এই সেকশনটি এক্সিট 42 (জেনেভা - লায়ন্স - NY রুট 14) এবং এক্সিট 44 (ক্যানানডাইগুয়া - ভিক্টর - NY রুট 332)-এর মধ্যে অবস্থিত এবং এতে মোট 78.4 লেন মাইল অন্তর্ভুক্ত রয়েছে। প্রতিদিন 87,000-এরও বেশি মোটরযান চালক I-90-এর এই সেকশনে যাতায়াত করে।

এই প্রকল্পের মধ্যে রয়েছে অ্যাসফল্ট মেরামত, মিলিং ও পেভিং এবং নিরাপত্তা উন্নয়নমূলক কার্যক্রম, যেমন- নতুন গাইডরেল, নতুন প্রতিফলক লাইন স্ট্রাইপিং এবং রাস্তার শোল্ডারে মিলড-ইন অডিবল রোডওয়ে ডিলিনিয়েটর স্থাপন।

একটি প্রতিযোগিতামূলক বিডিং প্রক্রিয়ার মাধ্যমে ট্রয়, NY-এর Rifenburg Construction, Inc এই প্রকল্পের ঠিকাদার হিসেবে নিযুক্ত হয়েছে। প্রকল্পটি 2027 সালের গ্রীষ্মের মধ্যে শেষ হবে বলে আশা করা হচ্ছে।

নির্মাণকাজ চলাকালে মোটরচালকরা এই এলাকাগুলোতে থ্রু-ওয়েতে লেন বন্ধের সম্মুখীন হতে পারেন।

সমস্ত কাজ আবহাওয়ার ওপর নির্ভরশীল এবং যেকোনো সময় পরিবর্তন সাপেক্ষে। যানবাহনের চালকদের সতর্ক থাকতে এবং কাজের এলাকায় নির্দেশিত গতির সীমা অনুসরণ করতে অনুরোধ

করা হয়। কাজের অঞ্চলে গতিসীমা অতিক্রম করলে তার জরিমানা দ্বিগুণ হয়। নির্মাণাধীন এলাকায় অতিরিক্ত গতিতে গাড়ি চালানোর নিয়মের লঙ্ঘনের ক্ষেত্রে পয়েন্ট বৃদ্ধির বিষয়ে গাড়িচালকদের সচেতন থাকতে হবে।

একটি কাজের এলাকায় কর্মীদের সুরক্ষা আরো বাড়ানোর জন্য, গভর্নর Hochul (হোকল) অটোমেটেড ওয়ার্ক জোন স্পিড এনফোর্সমেন্ট (Automated Work Zone Speed Enforcement) পরীক্ষামূলক প্রোগ্রাম প্রতিষ্ঠার আইনে স্বাক্ষর করেছেন। থ্রুওয়ে-এর যেসব জায়গায় বর্তমানে নির্মাণের কাজ চলছে, সেখানে নিরাপত্তা আইন বলবৎ আছে। গতিসীমা পর্যবেক্ষণের ক্যামেরা সহ কাজের এলাকায়, কাজের এলাকা পর্যন্ত স্পষ্ট সাইনেজ থাকবে। ওয়ার্ক জোনে লিখিত গতিসীমা লঙ্ঘন করা মোটরচালকদের জরিমানা করা হবে। প্রোগ্রামটি সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

থ্রুওয়ে অথোরিটির অনুমোদিত 2026-এর বাজেট এছাড়াও ক্যাপিটাল কন্ট্রাক্টে মোট 600 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করবে যা 2026 সালে দেওয়ার কথা আছে, এটি 2025 সালের বাজেটের অনুমান করা মোটের থেকে 133.5 মিলিয়ন মার্কিন ডলার বেশি, এবং Thruway-এর ইতিহাসে সবথেকে বড় এক বছরের বিনিয়োগগুলির মধ্যে একটি। 2026 সালের বাজেটে 2026-30 মেয়াদের জন্য একটি ঐতিহাসিক 2.8 বিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল প্ল্যান অন্তর্ভুক্ত করা হয়েছে। এই পাঁচ বছর মেয়াদী পরিকল্পনার আওতায় থ্রুওয়ে-এর 819টি ব্রিজের মধ্যে 150টি ব্রিজ — যা প্রায় 18 শতাংশ — প্রতিস্থাপন বা মেরামতের জন্য অর্থায়ন করা হবে, এছাড়া হাইওয়ের 2,800 লেন মাইলের মধ্যে 1,500 মাইলেরও বেশি — বা প্রায় 60 শতাংশ — পুনরায় সারফেসিং করার কাজে এই অর্থ ব্যয় করা হবে।

থ্রুওয়ে সিস্টেম সম্পর্কে

1950 দশকের গোড়ার দিকে নির্মিত, গভর্নর Thomas E. Dewey (থমাস ই. ডিউই) থ্রুওয়ে, ন্যাশনাল ইন্টারস্টেট হাইওয়ে সিস্টেমের (National Interstate Highway System) প্রাচীনতম অবকাঠামোগুলির মধ্যে অন্যতম এবং দেশের দীর্ঘতম টোল রোডগুলোর মধ্যে একটি। এটি মসৃণ বাঁক, প্রশস্ত মধ্যবর্তী এবং চালকের বাধাহীন দৃষ্টিগোচর রাস্তার দৈর্ঘ্য সহ নিরাপদ সড়ক পথের বৈশিষ্ট্যগুলোর সাথে আধুনিক হাইওয়ে জ্যামিতিক নকশার জন্য মানদণ্ড নির্ধারণ করে।

বছরের পর বছর ধরে, থ্রুওয়ে সিস্টেম দেশের অন্যতম নিরাপদ মহাসড়ক হিসেবে স্বীকৃত হয়ে আসছে। 2024 সালে, থ্রুওয়েতে প্রতি 100 মিলিয়ন মাইল গাড়ি চলায় মৃত্যুর হার ছিল মাত্র 0.22 যা 1954 সাল থেকে যখন থ্রুওয়েতে দুর্ঘটনার হিসাব রাখা শুরু হয়, তারপর থেকে এটি ছিল সর্বনিম্ন মৃত্যুর হারের অন্যতম একটি দৃষ্টান্ত। এই হার 2024 সালের জাতীয় ট্রাফিক মৃত্যু হার 1.20 এবং 2023 সালের নিউ ইয়র্ক স্টেটের সর্বশেষ ট্রাফিক মৃত্যু হার 0.93 এর তুলনায় উল্লেখযোগ্যভাবে কম।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন